The Bangladesh Monitor - A Premier Travel Publication

# সাতক্ষীরায় বন্ধ হলো ভারতীয় ভিসা সেন্টার

- A Monitor Desk Report | Date: 02 October, 2025




**সাতক্ষীরা :** সাতক্ষীরায় আনুষ্ঠানিকভাবে বন্ধ হয়ে গেলো ইন্ডিয়ান ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার (আইভিএসি)। ভবন মালিককে লিখিত নোটিশ দিয়ে ভাড়া করা ঘর খালি করেছে কর্তৃপক্ষ।

গত ২৮ আগস্ট ইন্ডিয়ান ভিসা অ্যাপ্লিকেশন সেন্টারের ডেপুটি চিফ অপারেটিং অফিসার স্বাক্ষরিত এক পত্রে ১ অক্টোবর (বুধবার) অফিসটি খালি করা হবে বলে জানানো হয় ভবন মালিককে।

ভবনটির ম্যানেজার লক্ষীনাথ গাইন বলেন, এক মাস আগে ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার কর্তৃপক্ষ আমাদের চিঠি দেয়। তাতে জানানো হয় সাতক্ষীরায় আর ভিসা অফিস রাখা হবে না।

স্থানীয় বাসিন্দারা জানান, গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকার পতনের পরও দুই মাস সেন্টারটি চালু ছিল। তবে এরপর থেকে অফিসটি তালাবদ্ধ অবস্থায় রয়েছে।

উল্লেখ্য, ২০১৯ সালের ১ জানুয়ারি থেকে সাতক্ষীরার ইটাগাছা এলাকার সংগ্রাম প্লাজার একটি ফ্ল্যাট ভাড়া নিয়ে ভিসা অ্যাপ্লিকেশন সেন্টারটির কার্যক্রম চালু করে ভারতীয় হাই কমিশন। দীর্ঘদিন ধরে জেলার হাজারো মানুষ এ সেন্টারের মাধ্যমে ভারতে যাওয়া-আসার ভিসার আবেদন করতেন।

- B